

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ



# গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ৮, ২০১২

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ৮ মার্চ, ২০১২/২৫ ফাল্গুন, ১৪১৮

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ৮ মার্চ, ২০১২ (২৫ ফাল্গুন, ১৪১৮) তারিখে  
রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা  
যাইতেছে :—

২০১২ সনের ১০ নং আইন

আইন-শৃঙ্খলা বিঘ্নকারী অপরাধ (দ্রুত বিচার) আইন, ২০০২ (২০০২ সনের ১১ নং আইন)  
এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যে আইন-শৃঙ্খলা বিঘ্নকারী অপরাধ (দ্রুত বিচার) আইন, ২০০২  
(২০০২ সনের ১১ নং আইন) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন আইন-শৃঙ্খলা বিঘ্নকারী অপরাধ  
(দ্রুত বিচার) (সংশোধন) আইন, ২০১২ নামে অভিহিত হইবে।

(২) ইহা ৮ এপ্রিল, ২০১২ খ্রিস্টাব্দ তারিখ হইতে কার্যকর হইবে।

২। ২০০২ সনের ১১ নং আইনের ধারা ১ এর সংশোধন।—আইন-শৃঙ্খলা বিঘ্নকারী অপরাধ  
(দ্রুত বিচার) আইন, ২০০২ (২০০২ সনের ১১ নং আইন) এর ধারা ১ এর উপ-ধারা (২) এ  
উল্লিখিত “দশ বৎসর” শব্দগুলির পরিবর্তে “বার বৎসর” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

মোঃ মাহফুজ্জুর রহমান  
ভারপ্রাপ্ত সচিব।

মোঃ আবু ইউসুফ (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, অতিরিক্ত দায়িত্ব, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ দেলোয়ার হোসাইন (উপ-সচিব), উপ-পরিচালক, অতিরিক্ত দায়িত্ব, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)

( ১৫৩৭ )

মূল্য : টাকা ২.০০